গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
প্লানিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেল
পরিসংখ্যান ভবন, ৭ম তলা
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.১০৩.০৬.০২০.০৬(অংশ-০২)- ২১৪

তারিখ : ২৪/০৩/১৪২৫ ব.
০৮/০৭/২০১৮খ্রি.

বিষয়: মে/২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

তারিখ	:	২৮/০৬/১৮ খ্রি.
সময়	:	বিকাল ০৩:৩০ টা
স্থান	:	সম্মেলন কক্ষ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
সভাপতি	:	মো: আমীর হোসেন, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বিবিএস
উপস্থিতি	:	পরিশিষ্ট - 'ক'

০২। সভাপতি উপস্থিত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে অত্র সেলের পরিসংখ্যান কর্মকর্তা জনাব মোঃ আজগর আলী বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন আপত্তি না থাকায় বিগত সভার কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। অত:পর সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্র: নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(০১)	বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ		সভাপতির নির্দেশে সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।	
(০২)	অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত	অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত মোট পত্রাদির প্রপ্তির সংখ্যা ৩৫৪ টির মধ্যে গত মে মাসে ১৮২টি পত্র নিষ্পত্তি হয়েছে। মহাপরিচালক মহোদয় বলেন, বিষয়টি উৎসাহ ব্যঞ্জক নয়। দীর্ঘদিন ধরে কয়েকটি অনিষ্পন্ন বিষয় বিদ্যমান রয়েছে।	আগামী এক মাসের মধ্যেই অনিষ্পন্ন বিষয়গুলো নিষ্পন্ন করতে হবে।	কন্টাক্ট পয়েন্ট অফিসার, আইন সেল
(০৩)	অডিট আপত্তি-নিষ্পত্তি সংক্রান্ত উপজেলায় অডিট আপত্তি	পরিচালক (প্রশাসন) এফএ অ্যান্ড এমআইএস বলেন, সরকারী ছুটির দিনেও সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা/কর্মচারীগণ এ বিষয়ে নিষ্পত্তি করার জন্য নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। কোন বিষয়ে আপত্তি রয়েছে তা যাচাইয়ের জন্য এজি অফিসে যোগাযোগ অব্যাহত রয়েছে এবং সভাও করা হয়েছে।	অডিট আপত্তি নিষ্পত্তির প্রচেষ্টা জোরদার করতে হবে এবং দ্রুততম সময়ের মধ্যে সমাধান করতে হবে।	পরিচালক (অর্থ) এফএ অ্যান্ড এমআইএস
(০৪)	কোর্টে চলমান মামলা সম্পর্কিত বিষয়	কোর্টে বর্তমানে ৩১টি মামলা চলমান রয়েছে। অনিষ্পন্ন মামলাগুলো সনাক্ত করা হয়েছে।	সকল মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।	যুগ্ম-পরিচালক এফএ অ্যান্ড এমআইএস ও কন্টাক্ট পয়েন্ট অফিসার, আইন সেল
(০৫)	সমাপ্ত প্রকল্পের গাড়ী রাজস্ব খাতে স্থানান্তর প্রসংগে	৪টি অকেজো গাড়ী বিক্রয়ের জন্য পত্রিকায় নিলাম বিজ্ঞপ্তি ডাকা হলেও কোন দরপত্র পাওয়া যায়নি। এ ব্যপারে বিআরটিএ কে পত্র দেয়া হয়েছে। অবশিষ্ট ৫টি গাড়ি কনডেম ঘোষনার জন্য বিআরটিএ কে পত্র দেয়া হয়েছে এবং নিলামের ব্যবস্থা করা হয়েছে।	জুলাই মাসের মধ্যেই নিলামের ব্যবস্থা সম্পন্ন করতে হবে।	উপপরিচালক (সমন্বয়) এফএ অ্যান্ড এমআইএস
(০৬)	বিবিএস এর অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত	বিবিএস এর অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত বিষয়ে সভাপতি মহোদয় বলেন, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে বিবিএস এর অর্গানোগ্রাম প্রেরণ করা হয়েছে।	জনপ্রশাসন মন্ত্রণালয় হতে সুপারিশকৃত অর্গানোগ্রাম এলে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।	পরিচালক (প্রশাসন) এফএ এন্ড এমআইএস

ক্র: নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(০৭)	বিবিএস এর জনবল নিয়োগ	মুক্তিযোদ্ধা কোটায় ৮০ জনের নিয়োগ ও পদায়ন সম্পন্ন হয়েছে। দু'টি আলাদা নিয়োগ প্রক্রিয়া যথাক্রমে ২৪৫ ও ৫৯৩ জনবলের ব্যাপারে কোর্টে মামলা চলমান রয়েছে। নতুন ১৫৫ জনের নিয়োগের ব্যাপারে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে প্রয়োজনীয় নির্দেশনা পেলেই প্রক্রিয়া শুরু হবে। পরিচালক (প্রশাসন) এফএ অ্যান্ড এমআইএস বলেন, দীর্ঘ দিন হলো পরিচালক পদ শূণ্য রয়েছে। এ প্রসঙ্গে উপমহাপরিচালক মহোদয় বলেন, পদোন্নতি বা নিয়োগ যেভাবেই হোক না কেন জনবল সংকট নিরসন হওয়া দরকার।	এ বিষয়ে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।	মহাপরিচালক বিবিএস
(০৮)	বিভাগ ও জেলা কার্যালয়ের নিজস্ব ভবন স্থাপন	পরিচালক, প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল বলেন, এ পর্যন্ত মাত্র ৮টি জেলা হতে সংশ্লিষ্ট বিষয়ে চাহিত পত্র পাওয়া গিয়েছে। সভাপতি বলেন, বিষয়টি পরিসংখ্যান উন্নয়নে অতি গুরুত্বপূর্ণ। এটা বিবিএসের স্বার্থ সংক্রান্ত বিষয় তা বিবেচনায় রাখতে হবে।	পুনরায় তাগিদপত্র দিতে হবে । প্রয়োজনে ফোনে যোগাযোগ করতে হবে।	পরিচালক প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল
(০৯)	ক)শুদ্ধাচার সংক্রান্ত প্রতিবেদন খ)উদ্ভাবনী কর্মপরিকল্পনা সংক্রান্ত তথ্য	(ক) প্রত্যেক কাজে শুদ্ধাচার অবলম্বন করা এবং এর বাস্তবিক অনুশীলন করা প্রত্যেকের অবশ্য কর্তব্য বলে সভাপতি সভায় উল্লেখ করেন। এটি বর্তমানে জাতীয় নীতিমালায় অন্তর্ভুক্ত হয়েছে। খ) উদ্ভাবনী কর্মপরিকল্পনা সম্পর্কে অনেকেরই অস্পষ্টতা রয়েছে। এ বিষয়ে পরিষ্কার ধারণা প্রয়োজন। সভাপতি বলেন, সদর দপ্তর, বিভাগ ও জেলা পর্যায়ের সকল কর্মকর্তাগণ এ বিষয়ে সম্যক ধারণার আলোকে উদ্ভাবনী কর্মপরিকল্পনা র উদ্যোগ গ্রহণ করতে পারেন।	(ক) এখন থেকে তিন মাস অন্তর অন্তর প্রতিবেদন দিতে হবে। (খ) সকল লেভেলে উদ্ভাবনী কার্যক্রম চালু করতে হবে।	পরিচালক প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল
(১০)	ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত	পরিচালক কম্পিউটার উইং বলেন, ফাইবার পরিবর্তন ও LAN পরিবর্তনের কাজ চলছে এবং তা সম্পন্ন হলে ইন্টারনেটের গতি আরও বাড়বে।	ইন্টারনেটের গতি বাড়ানোর ব্যাপারে আরও তৎপর হতে হবে।	পরিচালক কম্পিউটার উইং
(১১)	উপজেলা পরিসংখ্যান অফিসসমূহে ফিক্সড় টেলিফোন সংযোগ স্থাপন	সভাপতি বলেন, ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রযুক্তিগত অবকাঠামোর মধ্যে টেলিফোন অত্যন্ত জরুরী। যে সমস্ত উপজেলা পরিসংখ্যান অফিসে টেলিফোন সংযোগ নেই তা অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প হতে সংযোগ স্থাপনের চেষ্টা চলছে।	অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প এর বরাদ্দ থেকে ১৪৫টি উপজেলায় সংযোগ স্থাপন করা হবে।।	পরিচালক (প্রশাসন) এফএ এন্ড এমআইএস
(১২)	ইন্টারনেট ব্যবস্থা, জিও কোড, ওয়েব পোর্টাল সংক্রান্ত	পরিচালক, কম্পিউটার উইং জনাব ঘোষ সুব্রত বলেন বর্তমান ইন্টারনেট গতি ১০০ Mbps করা হয়েছে এবং অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (ODAN) প্রকল্প থেকে ৩০ Mbps এর একটি Redundant সংযোগ রাখা হয়েছে। বর্তমানে সব সময় ৬০ Mbps থাকে। তবে পুরনো LAN এর পরিবর্তে বেশ কিছু নতুন LAN প্রতিস্থাপন করা হচ্ছে।	পরিসংখ্যান ভবনে ইন্টারনেটের গতি বৃদ্ধির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	পরিচালক কম্পিউটার উইং
(১৩)	পরিসংখ্যান পকেট বুক ২০১৭, পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০১৭, মাসিক পরিসংখ্যান বুলেটিন প্রকাশ সংক্রান্ত।	যুগ্মপরিচালক মোঃ জিয়াউদ্দিন বলেন RDP তে মুদ্রণের জন্য দেয়া হয়েছে। এখনও প্রিন্টিং হয়নি। পরিচালক (প্রশাসন) এফএ অ্যান্ড এমআইএস বলেন, RDP তে যেন কোন প্রকল্পের কাজ দেওয়া না হয় সে ব্যাপারে তিনি সভায় অভিমত ব্যক্ত করেন।	যথাসময়ে পরিসংখ্যান পকেট বুক ২০১৭ এবং পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০১৭ প্রকাশ করতে হবে।	পরিচালক ন্যাশনাল একাউন্টিং উইং

ক্র: নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(১৪)	মন্ত্রিপরিষদের মাসিক কর্মকাণ্ডের প্রতিবেদন	পরিচালক, প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল জনাব ঘোষ সুব্রত বলেন, যথাসময়ে উইং ও প্রকল্প হতে মন্ত্রিপরিষদের মাসিক কর্মকাণ্ডের প্রতিবেদন সংশ্লিষ্ট সেলে না আসায় তথ্যাদি বিলম্বে প্রেরণ করার কারণে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে বিরূপ মন্তব্য করা হয়েছে।	যথাসময়ে না পাঠালে কারণ দর্শানো হবে।	পরিচালক (সকল)
(১৫)	বিবিধ (ক) ভবনের নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত	(ক) ভবনের নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণ কিছুটা অগ্রগতি সাধিত হয়েছে।	(ক) ভবনের নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণের জন্য অভ্যর্থনা ডেস্ক এ সার্বক্ষণিক লোক থাকতে হবে এবং এ কাজে নিয়োজিত নিরাপত্তা প্রহরীদেরকে সকাল ৯:০০ ঘটিকার আগেই আসতে হবে।	পরিচালক (প্রশাসন) এফএ এন্ড এমআইএস
	(খ) হেড অফিসে প্রশিক্ষণকালীন মাঠ পর্যায়ের কর্মচারীদের আবাসন ব্যবস্থা প্রসঙ্গে	(খ) উপমহাপরিচালক বলেন, পরিসংখ্যান ভবন তৈরির কোন মূল নকশা পাওয়া যায়নি। নিরাপত্তার স্বার্থেই নকশা প্রয়োজন। নকশাতে ভবনের সংস্কার , সম্প্রসারণ ও স্থায়ীত্ব সংক্রান্ত বিষয়াদি অবশ্যই উল্লেখ আছে। অথচ গুরুত্বপূর্ণ ঐ প্রকল্পের কোন নথিপত্র নেই এটা বড়ই হতাশাজনক।	(খ) ভবন তৈরীর মূল নকশা সংশ্লিষ্ট সংস্থা হতে সংগ্রহ করতে হবে। নকশা পেলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।	

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আমীর হোসেন
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন: ৯১১২৫৮৯
e-mail:dg@bbs.gov.bd